

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৯, ২০১৪

নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ মাঘ ১৪২০ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৯-আইন/২০১৪।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ৮ এর পর নিম্নরূপ একটি নূতন বিধি ৮ক সন্নিবেশিত হইবে, যথা :—

“৮ক। ভোটার স্লিপ ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।— কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি—

- (ক) ভোটার স্লিপে প্রার্থীর নাম, নিজ ছবি, সংশ্লিষ্ট পদের নাম, প্রতীক, ভোটারের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, ঠিকানা, ভোটার নম্বর ও ভোট কেন্দ্রের নাম ব্যতীত কিছু অন্য উল্লেখ করিতে পারিবেন না;
- (খ) কোন ভোটকেন্দ্রের ২০০ (দুইশত) গজের মধ্যে এবং ১২ (বার) সিন্টিমিটার × ৮ (আট) সেন্টিমিটার এর অধিক আয়তনের ভোটার স্লিপ বিতরণ করিতে পারিবেন না; এবং
- (গ) মুদ্রণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও তারিখবিহীন কোন ভোটার স্লিপ মুদ্রণ করিতে পারিবেন না।”;

(১৫৭৩)

মূল্য : টাকা ৪.০০

২। বিধি ২১ এর—

- (ক) শিরোনামে উল্লিখিত “লাইড” শব্দটির পরিবর্তে “লাউড” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “নয়” শব্দটির পরিবর্তে “আট” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। বিধি ২২ এর পর নিম্নরূপ একটি নূতন বিধি ২২ক সন্নিবেশিত হইবে, যথা :—

“২২ক। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্যের কতিপয় ক্ষেত্রে বাধা-নিষেধ — বিধি ২২ এ যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি উপজেলা পরিষদের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্য পদে অধিষ্ঠিত থাকা অবস্থায় কোন পদে প্রার্থী হইলে তিনি মনোনয়নপত্র দাখিলের সময় হইতে ভোট গ্রহণের তারিখ পর্যন্ত—

- (ক) নির্বাচনী প্রচারণা ও নির্বাচনী কার্যক্রমে উপজেলা পরিষদের অফিস ও যানবাহন ব্যবহার করিতে পারিবেন না;
- (খ) উপজেলা পরিষদ বা উহার আওতাধীন কোন ইউনিয়ন পরিষদ বা পৌরসভার কোন কার্যক্রমে বা অনুষ্ঠানে অংশগ্রহণ করিতে পারিবেন না; এবং
- (গ) সংশ্লিষ্ট উপজেলায় অবস্থিত কোন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা সংস্থা বা এনজিও-র কোন কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন না।”।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ড. মোহাম্মদ সাদিক  
সচিব।